

বাউবি/প্রশা(সাধা)/সেবা প্রদান-৩২(১)/২০২১/৩৭৪৯(১)

তারিখঃ ২০ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ


সভার নোটিশ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সেবা প্রদান নিশ্চিতকরার লক্ষ্যে মূল ক্যাম্পাসসহ প্রতিটি আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রে সেবা প্রদান এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনাসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য বাউবির লক্ষ্য ও উদ্দেশ্যের আলোকে সিটিজেন চার্টার প্রস্তুতের নিমিত্তে বাউবি/প্রশা(সি)-১৭০/২০১৯/২৩৯৯; তারিখ: ২৬/০৮/২০২১ সংখ্যক স্মারকে গঠিত “সেবা প্রদান কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির” সভাপতি বাউবির মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু আগামী ০৮/১২/২০২১ তারিখ বুধবার বেলা ২:১৫টায় সকল স্কুলের ডিনদের সাথে তাঁর গাজীপুরস্থ অফিস কক্ষে সিটিজেন চার্টার প্রস্তুতের বিষয়ে আলোচনা করবেন।

সকল স্কুলের সম্মানিত ডিন কে খসড়া সিটিজেন চার্টার পর্যালোচনা করে নিম্নোক্ত বিষয়ে সুনির্দিষ্ট লিখিত প্রস্তাবনাসহ নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

১. কোন ধরনের ফরমেট ব্যবহার করা যথযথ হবে।
২. সকল স্কুলের সাধারণ (Common) কাজ।
৩. স্ব স্ব স্কুলের ব্যতিক্রমধর্মী (Exceptional) কাজ।

বাউবির সকল স্কুলের খসড়া সিটিজেন চার্টার-এর সফটকপি আপনার ই-মেইলে প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।



(মোঃ আব্দুল্লাহ আল কাফি)
যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন)

ও

সদস্য-সচিব

সেবা প্রদান কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন কমিটি

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১. ডিন (সকল), স্কুল, বাউবি।
২. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. একান্ত সচিব, প্রো-উপাচার্য (প্রশাসন)-এর দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪. সহকারী পরিচালক, রেজিস্ট্রার-এর দপ্তর, বাউবি। রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫. সংশ্লিষ্ট নথি।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে স্কুলসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনাসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য স্কুল কর্তৃক প্রণীত খসড়া সিটিজেন চার্টার পর্যালোচনার জন্য ডিনবৃন্দের সাথে “সেবা প্রদান কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন কমিটির” ০৮-১২-২০২১ তারিখ বেলা ০২:১৫টায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে বাউবি'র স্কুলসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনাসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য স্কুল কর্তৃক প্রণীত খসড়া সিটিজেন চার্টার পর্যালোচনার জন্য ডিনবৃন্দের সাথে “সেবা প্রদান কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন কমিটির” সভাপতি মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানুর সভাপতিত্বে তাঁর গাজীপুরস্থ অফিস কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ‘খ’ সদয় দৃষ্টব্য।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, সরকার দেশের সকল প্রতিষ্ঠানে সুশাসন এবং জবাবদীহিতা নিশ্চিত করার জন্য “বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি (এপিএ)” প্রণয়ন করেছে এবং এর কার্যক্রম ২০১৪-২০১৫ সাল হতে বাউবি-এ শুরু হয়েছে এবং ২০২১-২০২২ সাল হতে এপিএ-এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্ম-পরিকল্পনার বিষয়টি অন্তর্ভুক্ত করেছে। সে আলোকে কর্তৃপক্ষ কর্তৃক “সেবা প্রদান কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন” কমিটি গঠিত হয়েছে। তিনি বলেন যে, বাউবি'র স্টেকহোল্ডারদের সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে সিটিজেন চার্টার প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ের ৬টি স্কুল কর্তৃক খসড়া সিটিজেন চার্টার প্রস্তুত করা হয়েছে। তবে খসড়া সিটিজেন চার্টার যথাযথ ফরমেটে হওয়া বাঞ্ছনীয়। এছাড়া সকল স্কুলের সাধারণ (Common) কাজ এবং ব্যতিক্রমধর্মী কাজগুলি পৃথকভাবে উপস্থাপন করা প্রয়োজন, যাতে একই বিষয়গুলি বারবার উপস্থাপিত না হয়। তিনি এ বিষয়ে কমিটির উপস্থিত সকল সদস্যের মতামত জানতে চান। সভায় উপস্থিত সদস্যবৃন্দ তাদের মতামত ব্যক্ত করেন।

বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

সিদ্ধান্ত-১

সকল স্কুলের সিটিজেন চার্টার প্রণয়নের জন্য একটি ফরমেট নির্ধারণ করা হলো (সংযুক্তি-১)। স্কুল ভিত্তিক সিটিজেন চার্টার প্রণয়নের ক্ষেত্রে একই ফরমেট ব্যবহার করতে হবে।


সিদ্ধান্ত-২

ডিনগণ স্ব-স্ব স্কুলের সাধারণ কাজ ও ব্যতিক্রমধর্মী কাজগুলো পৃথক করে সিটিজেন চার্টারের খসড়া প্রস্তুত করবেন।


সিদ্ধান্ত-৩

আগামী ২৭-১২-২০২১ তারিখে বাউবি'র সেমিনার হলে সকল স্কুল কর্তৃক প্রণীত খসড়া সিটিজেন চার্টারের উপর কর্মশালা অনুষ্ঠিত হবে। উক্ত কর্মশালায় ডিনগণ তাদের স্ব স্ব স্কুলের খসড়া সিটিজেন চার্টার পাওয়ার প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করবেন।

সভায় আর কোন আলোচ্য না থাকায় কমিটির সভাপতি প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) মহোদয় জুমে উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


০৮/১২/২১
(মোঃ আব্দুল্লাহ আল কাফি)
যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন)

সদস্য-সচিব, সেবা প্রদান কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন কমিটি


৮-১২-২০২১
(অধ্যাপক ড. নাসিম বানু)
প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন)

সভাপতি, সেবা প্রদান কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন কমিটি